

জাতীয় বিশ্ববিদ্যালয় সেশনজট নিরসনের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

সেশনজট নিরসনের দাবিতে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনের রাস্তা অবরোধ করে বিক্ষোভ করেছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা।

পরে শিক্ষার্থীদের একটি প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে স্মারকসিপি দেয়।

শিক্ষামন্ত্রীকে দেওয়া স্মারক-সিপিতে শিক্ষার্থীরা সেশনজটের স্থায়ী সমাধানসহ পাঁচ দফা দাবি জানিয়েছেন। প্রতিনিধিদলে থাকা শিক্ষার্থীরা প্রথম আলোকে বলেন, সমস্যার দ্রুত সমাধানে মন্ত্রী তাঁদের আশ্বাস দিয়েছেন।

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, মন্ত্রীর আশ্বাসে কর্তৃপক্ষকে এক মাসের সময় দেওয়া হয়েছে। এই সময়ের মধ্যে সেশনজট নিরসনের পদক্ষেপ নেওয়া না হলে জুলাই মাসের প্রথম সপ্তাহে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ওশহ উপাচার্যের পদত্যাগের দাবিতে আন্দোলন শুরু করবেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হচ্ছে একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ ও এর সঠিক বাস্তবায়ন, শিক্ষার্থীদের ওরফতেই চার বছরের সম্পূর্ণ সিলেবাস প্রদান, দিখিত পরীক্ষা শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে মৌখিক পরীক্ষা শেষ করা, তিন মাসের মধ্যে ফল প্রকাশ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়কে বিকেন্দ্রীকরণের সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন।

এর আগে শিক্ষার্থীরা কেন্দ্রীয় শহীদ মিনার মিছিল নিয়ে জাতীয় প্রেসক্লাবের সামনে গিয়ে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী মানববন্ধন শুরু করেন। একপর্যায়ে তাঁরা রাস্তার ওপর টায়ারে আগুন জ্বেলে বিক্ষোভ করেন।